২০১৯

বাংলা

( স্নাতকোত্তর )

COURSE NO. : BNG-101

*পূর্ণমান : ৪০*

*সময় : ২ ঘণ্টা*

*দক্ষিণ–প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন*

**বিভাগ—ক**

যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ২×৪

১। ইন্দো–ইউরোপীয় ভাষা বংশের 'কেন্তুম' গুচ্ছের অনুরূপ নামকরণের কারণগুলি লেখো।

২। পাণিনি রচিত ব্যাকরণটির নাম কী ? এটির রচনা কাল লেখো।

৩। সাহিত্যিক প্রাকৃতের সময়কাল উল্লেখ করে এর বিবিধ প্রকারগুলির নাম লেখো।

৪। মহারাষ্ট্রী প্রাকৃত সংস্কৃত নাটকে কোন্ ক্ষেত্রে ব্যবহৃত হতো ? এই প্রাকৃতের দুটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো ।

৫। ওড়িয়া ভাষার আঞ্চলিক রূপ বৈচিত্র্যগুলির উল্লেখ করো ।

৬। মৈথিলী ভাষার নিজস্ব লিপির নাম কী ? এই ভাষায় রচিত আদিগদ্য গ্রন্থটির নাম লেখো । এটির রচয়িতার নাম লেখো ।

৭। চিত্রলিপি কী ? এই লিপির নিদর্শন কোথায় কোথায় পাওয়া যায় ?

৮। খরোষ্ঠী লিপির দুটি বৈশিষ্ট্য লেখো । এর প্রাপ্তিস্থানের নামোল্লেখ করো ।

## বিভাগ — খ

যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৪ × ৪

৯। ইরানীয় ও ভারতীয় আর্যভাষার পার্থক্যসূচক চারটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো ।

১০। বৈদিক সংস্কৃত ও লৌকিক সংস্কৃতের পার্থক্যসূচক দুটি ধ্বনিতাত্ত্বিক ও দুটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো ।

১১। সংস্কৃত নাটকে কোন্ শ্রেণীর চরিত্রের মুখের ভাষা ছিল মাগধী প্রাকৃত ? এই প্রাকৃতের দুটি ধ্বনিতাত্ত্বিক ও দুটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো ।

১২। টীকা লেখো ঃ জৈন প্রাকৃত।

১৩। অসমীয়া ও বাংলা ভাষার স্বাতন্ত্র্যসূচক দুটি ধ্বনিতাত্ত্বিক ও দুটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

১৪। ভোজপুরী ও মগহী ভাষার প্রচলভূমির উল্লেখ করে এই দুই ভাষার দুটি করে রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

১৫। টীকা লেখো ঃ মিশরীয় লিপি।

১৬। ব্রাহ্মী লিপির সংক্ষিপ্ত পরিচয় লিপিবদ্ধ করো।

## বিভাগ — গ

যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৮×২

১৭। আর্মেনীয় ও বাল্‌তো–স্লাব ভাষা সম্পর্কে বিস্তারিত আলোচনা করো।

১৮। মধ্যভারতীয় আর্যভাষার অন্ত্যস্তর সম্পর্কে নাতিদীর্ঘ আলোচনা করো।

১৯। পশ্চিমা মাগধী অপভ্রংশ জাত নব্যভারতীয় আর্যভাষাগুলি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

২০। ফিনিসীয় (Phinician) এবং আরামীয় (Aramic) লিপি সম্পর্কে নাতিদীর্ঘ আলোচনা করো ।